DhakaProbe
সময়ের সাথে, সত্যের পথে

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF)  তৈরি: 15 Aug 2026, 11:43 PM

আন্তর্জাতিক

# সিরিয়ার সাবেক প্রেসিডেন্ট বাশার আল-আসাদের মৃত্যুদণ্ড

তার সঙ্গে মৃত্যুদণ্ডাদেশ দেওয়া হয়েছে দক্ষিণ সিরিয়ার দারা প্রদেশের রাজনৈতিক নিরাপত্তা বিভাগের সাবেক প্রধান আতেফ নাজিবকেও

**প্রতিবেদক: আন্তর্জাতিক ডেস্ক**
প্রকাশের তারিখ: বুধবার, ১২ আগস্ট ২০২৬, ০৬:০৯ AM



সংগৃহীত ছবি

সিরিয়ার গৃহযুদ্ধের সময় সংঘটিত মানবতাবিরোধী অপরাধের দায়ে দেশটির সাবেক প্রেসিডেন্ট বাশার আল-আসাদের মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। তার সঙ্গে মৃত্যুদণ্ডাদেশ দেওয়া হয়েছে দক্ষিণ সিরিয়ার দারা প্রদেশের রাজনৈতিক নিরাপত্তা বিভাগের সাবেক প্রধান আতেফ নাজিবকেও।

মঙ্গলবার (১১ আগস্ট) দামেস্কের একটি ফৌজদারি আদালত আসাদকে পরিকল্পিত হত্যাকাণ্ডের দায়ে দোষী সাব্যস্ত করে। অন্যদিকে, নাজিবকে পরিকল্পিত হত্যাকাণ্ড ও নির্যাতনের দায়ে দোষী সাব্যস্ত করা হয়।

আদালত রায়ে বলেছে, ২০১১ সালে দারা প্রদেশে আসাদ সরকারের সংঘটিত অপরাধগুলো মানবতাবিরোধী অপরাধের শামিল। সেসময়ের

ওই সংঘাতে প্রায় পাঁচ লাখ মানুষ নিহত হয়েছিল।

এপি জানিয়েছে, একই মামলায় আল-আসাদের চাচাতো ভাই আতেফ নাজিবকেও মৃত্যুদণ্ড দেওয়া হয়েছে। ২০১১ সালে দক্ষিণাঞ্চলীয় দারা প্রদেশে সরকারবিরোধী আন্দোলন দমনে নেতৃত্ব দেওয়ার জন্য তাকে এই দণ্ড দেওয়া হয়। ওই দমন অভিযান থেকেই পরবর্তী সময়ে দেশটিতে অভ্যুত্থান ও গৃহযুদ্ধের সূত্রপাত হয়।

কঠোর নিরাপত্তার মধ্যে রায় ঘোষণা করা হয়। বিচারক যখন রায় পড়ছিলেন, তখন বন্দির পোশাক পরা নাজিবকে একটি খাঁচার ভেতরে দাঁড়িয়ে থাকতে দেখা যায়।

২০১৪ সালের ডিসেম্বরে বিদ্রোহীরা দামেস্কে প্রবেশ করার পর বাশার আল-আসাদ ও তার ভাই মাহের রাশিয়ায় পালিয়ে যান। পরবর্তী সময়ে নাজিবকে আটক করা হয়। বিচারের মুখোমুখি হওয়া আসাদ সরকারের সাবেক কর্মকর্তাদের মধ্যে তিনি ছিলেন অন্যতম উচ্চপদস্থ ব্যক্তি।

নাজিব সিরীয় সেনাবাহিনীর সাবেক ব্রিগেডিয়ার জেনারেল। ২০১১ সালে আসাদ সরকারের আমলে তিনি দক্ষিণ সিরিয়ার দারা প্রদেশের রাজনৈতিক নিরাপত্তা শাখার প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন।


---

## এ বিভাগের আরও খবর



**তেহরান শিগগিরই নিউ ডেভেলপমেন্ট ব্যাংকে যোগ দিতে চলেছে: ইরানি গভর্নর**

ব্রিকস শীর্ষ সম্মেলনে যোগ দিতে ভারতে আসছেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। আগামী ১২-১৩ সেপ্টেম্বর নয়াদিল্লিতে অষ্টাদশ ব্রিকস শীর্ষ সম্মা...




**ইন্দোনেশিয়ায় ফের শক্তিশালী ভূমিকম্প**

ইন্দোনেশিয়ায় এক দিনের ব্যবধানে ফের শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। ভোরে ৭ দশমিক ৭ মাত্রার শক্তিশালী ভূমিকম্পের পর দেশটির উত্তর সুমাত্রা প্রদ...



### হরমুজকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান ট্রাম্প

ইরানকে যুদ্ধে পরাজিত করার পর পারস্য উপসাগরের গুরুত্বপূর্ণ জলপথ হরমুজ প্রণালিকে মার্কিন ভূখণ্ড হিসেবে ঘোষণা করতে চান যুক্তরাষ্ট্রের প্রেসিডেন...



### ভারত সফরে আসছেন ইরানের প্রেসিডেন্ট

আসন্ন ২০২৬ সালের ব্রিকস সম্মেলনে যোগ দিতে ভারত সফর করবেন ইরানের প্রেসিডেন্ট মাসুদ পেজেশকিয়ান। ইরানি সূত্রের বরাতে এ তথ্য জানিয়েছে এশিয়ান নি...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://dhakaprobe.com/international/siriyar-sabek-president-bashar-al-asader-mritjudnd